

## উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোসা: তাজমিরা খাতুন, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী।

সভার স্থানঃ সভাপতির অফিস কক্ষ।

তারিখঃ ০৮/০৫/২০২২ খ্রিঃ

সময়ঃ ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর

| ক্র. নং | সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম   | কমিটিতে অবস্থান | স্বাক্ষর   |
|---------|--|-----------------|------------|
| ০১.     | জনাব মোসা: তাজমিরা খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী | সভাপতি          | স্বাক্ষরিত |
| ০২.     | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী                                | সদস্য           | স্বাক্ষরিত |
| ০৩.     | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চারঘাট, রাজশাহী                                  | সদস্য           | স্বাক্ষরিত |
| ০৪.     | চেয়ারম্যান, সরদহ ইউ, পি চারঘাট, রাজশাহী                                       | সদস্য           | স্বাক্ষরিত |
| ০৫.     | চেয়ারম্যান, চারঘাট ইউ, পি চারঘাট, রাজশাহী                                     | সদস্য           | অনুপস্থিত  |
| ০৬.     | চেয়ারম্যান, ভায়ালক্ষিপু ইউ, পি চারঘাট, রাজশাহী                               | সদস্য           | অনুপস্থিত  |
| ০৭.     | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চারঘাট, রাজশাহী                                | সদস্য সচিব      | স্বাক্ষরিত |

### আলোচ্যসূচিঃ

১। মৎস্য দপ্তরের অধিন ছোট মাছ চাষ ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ আয়োজন

২। উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের অধিন গবাদীপশু-হাসমুরগীর টিকা প্রদান বিষয়ে জনসচেতনতা মূলক সভার আয়োজন

জনাব মোসা: তাজমিরা খাতুন, সভাপতি মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভাপতিত্বে অধ্যকার সভার কাজ শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং তিনি সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কমিটির সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুসারে আলোচনার জন্য আহ্বান জানান। সদস্য সচিব বিগত দিনের সভায় রেজুলেশন পাঠ করিয়া শোনান এবং কোনরূপ সংশোধনী না থাকায় সভায় তা অনুমোদন ও দৃঢ়করণ করা হয়।

### আলোচনা (১)ঃ

সভায় উপজেলা প্রাণিসম্পদ অফিসার, চারঘাট জানান যে, গবাদীপশু-হাসমুরগীর টিকা প্রদান বিষয়ে জনসচেতনতা মূলক সভার আয়োজন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত -১ :** বর্তমান অর্থ বছরে গবাদীপশু-হাসমুরগীর টিকা প্রদান বিষয়ে জনসচেতনতা মূলক সভার আয়োজন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনা (২) :** সভায় সদস্য সচিব ও সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান যে, বর্তমানে উপজেলার বিভিন্ন গ্রামে বৈজ্ঞানিক পদ্ধতি অনুসরণ না করে ছোট মাছ চাষ করে থাকেন। এইসব চাষীদের জন্য “ছোট মাছ চাষ ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ” প্রদান করা প্রয়োজন। এক্ষেত্রে প্রতি ইউনিয়ন হতে ২৫ জন করে ওইসব মাছচাষী নিয়ে ব্যাচ গঠন করে প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে।

**সিদ্ধান্ত -২ :** প্রতি ইউনিয়ন হতে ২৫ জন মাছচাষী নির্বাচন করে তাদের ছোট মাছচাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

জনাব মোসা: তাজমিরা খাতুন  
সভাপতি

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান (মহিলা)


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর  
চারঘাট, রাজশাহী।

পত্র নং: ৩৩.০২.৮১২৫.৫০১.২১.০০৯.২১-৫১

তারিখ: ০৮/০৫/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, চারঘাট, রাজশাহী।
- ৩। উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা), চারঘাট, রাজশাহী।
- ৪। চেয়ারম্যান-----ইউনিয়ন, চারঘাট, রাজশাহী।
- ৫। -----কর্মকর্তা, চারঘাট।
- ৬। দপ্তর নথি।



সদস্য সচিব  
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি  
ও  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা,  
চারঘাট, রাজশাহী